
কৃষি মন্ত্রণালয়
মনিটরিং ও রিপোর্ট শাখা

বিষয়: **কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনার কার্যক্রম [১.২] অনুসারে ২য় প্রান্তিকে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনার কার্যক্রম [১.২] অনুসারে গত ২৩/১০/২০২২ তারিখে যুগ্মসচিব (বাঃ ও মনিঃ) মহোদয়ের সভাপতিত্বে ২য়ঁ প্রান্তিকের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।



২৬-১০-২০২২


রুনু সাহা
সিনিয়র সহকারী সচিব

১) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, কৃষি মন্ত্রণালয়
২) প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

ইউ. ও. নোট নম্বর: ১২.০০.০০০০.০৩৮.০৫.০০৩.২২.৩৬৭

তারিখ: ১০ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
৩) যুগ্মসচিব (বাঃ ও মনিঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।



২৬-১০-২০২২
রুনু সাহা
সিনিয়র সহকারী সচিব

**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মনিটরিং ও রিপোর্টিং শাখা
www.moa.gov.bd

বিষয়: কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন পরিকল্পনা কার্যক্রম [১.২] অনুসারে ২য় প্রান্তিকের (অক্টোম্বর -ডিসেম্বর, ২০২২) অনুষ্ঠিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির' সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নাজিয়া শিরিন, যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং) ও আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, কৃষি মন্ত্রণালয়। |
| সভার স্থান | : | কক্ষ নং-৫২৪ |
| সভার তারিখ | : | ২৩ অক্টোবর ২০২২। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অত:পর সদস্য সচিব (মনিটরিং ও রিপোর্টিং) সভাকে অবহিত করেন যে, কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম [১.২] অনুসারে ২য় প্রান্তিকে (অক্টোম্বর -ডিসেম্বর, ২০২২) 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন' সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অদ্যকার সভার আয়োজন করা হয়েছে।

১.২। সভাপতি সভায় উপস্থিত কমিটির সদস্যদের অভিনন্দন জানান এবং অবহিত করেন যে, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের স্বচ্ছতা, শৃংঙ্খলা এবং জবাবদিহিতা বৃদ্ধিতে সেবা প্রদান প্রতিশ্রুতির ভূমিকা অনস্বীকার্য। এছাড়া, সেবা প্রদান প্রতিশ্রুতির মাধ্যমে সেবা গ্রহীতারা সহজেই একটি সেবা কিভাবে পেতে পারে এবং সেবা পেতে তাকে কোথায়, কার সাথে যোগাযোগ করতে হবে এ বিষয়ে সহজেই তথ্য সংগ্রহ করতে সমর্থ হচ্ছে। এ বিষয়ে তিনি আরও জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে স্বচ্ছ, দুর্নীতিমুক্ত ও হয়রানিমুক্ত সেবা সেবা গ্রহীতার নিকট পৌছে দেয়া সেবা প্রদান প্রতিশ্রুতির অন্যতম প্রধান উদ্দেশ্য। সভাপতির জিজ্ঞাসার প্রেক্ষিতে সদস্য সচিব ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন যা নিম্নরূপ :

| নং | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম | ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | [১.১] ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন; | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে; |
| ২. | [১.২] ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন; | ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে; |
| ৩. | [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজন; | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজন করা হয়েছে; |
| ৪. | [১.৪] ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ); | এ কার্যক্রমটির আওতায় ১ম প্রান্তিকে কৃষি মন্ত্রণালয়সহ এর আওতাধীন দপ্তর /সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে; |
| ৫. | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন; | ১ম প্রান্তিকে প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ১টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার করা হয়েছে; এবং |
| ৬. | [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন; | অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২য় ও ৪র্থ প্রান্তিকে ১টি করে মোট ২টি অবহিতকরণ সভা আয়োজন করা হবে। |

১.৩ কৃষি মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির পর্যালোচনা রিপোর্ট সভায় উপস্থাপনকালে সদস্য-সচিব বলেন যে, মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত নাগরিক সেবার ১নং সেবা 'বীজ ডিলার নিবন্ধন'; ২নং সেবা 'বীজ ডিলার নিবন্ধন নবায়ন' এবং ২নং সেবা 'বোরো হাইব্রিড ধানবীজ আমদানির অনুমোদন' সেবা তিনটি ডিজিটালাইজড করার ফলে বর্তমানে সেবা তিনটির কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হয় বিধায় উল্লিখিত সেবাসমূহের: সেবা প্রদানের পদ্ধতি সংশোধন, আবেদন ফরম অন্তর্ভুক্তকরণ এবং ট্রেজারি চালানের কোড নম্বর সংযুক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা প্রয়োজন।

২। সিদ্ধান্ত : পরিশেষে বিশদ আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র:নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা অনুসারে ২য় প্রান্তিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন; | সিনিয়র সহকারী সচিব (মনিটরিং ও রিপোর্টিং শাখা) |
| ২. | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান নিশ্চিতকরণে মন্ত্রণালয়ের ন্যূনতম ৩টি সেবা প্রদানকারী শাখা/অধিশাখা আকস্মিক পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়ন; এবং | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কমিটি |
| ৩. | নাগরিক সেবার ১নং সেবা 'বীজ ডিলার নিবন্ধন'; ২নং সেবা 'বীজ ডিলার নিবন্ধন নবায়ন' এবং ২নং সেবা 'বোরো হাইব্রিড ধানবীজ আমদানির অনুমোদন' সংক্রান্ত সেবাসমূহের: সেবা প্রদানের পদ্ধতি সংশোধন, আবেদন ফরম অন্তর্ভুক্তকরণ এবং ট্রেজারি চালানের কোড নম্বর সংযুক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ। | প্রধান বীজতত্ত্ববিদ বীজ অধিশাখা |

৩। পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

24/10/2022

(নাজিয়া শিরিন)
যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং)
ও
আহবায়ক
সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটি
কৃষি মন্ত্রণালয়